

কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৬

(১৫ ফেব্রুয়ারি ২০২৫ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৫)

১। ১৬/০২/২০২৫ তারিখ জনাব মোহাম্মদ মোস্তফা কামাল, কর্ণেল অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা ১৮তম ব্যাচ পিআইইউ মৌলিক প্রশিক্ষণ কোর্স-২০২৫ এর শুভ উদ্বোধন করেন। পিআইইউ সদস্যদের নৈতিকতা, মানবিক মূল্যবোধ, আচার-আচরণ ও শিষ্টাচার বৃদ্ধির পাশাপাশি দক্ষতা বৃদ্ধির জন্য এ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।



২। জনাব সুরাইয়া আক্তার, সিনিয়র জেল সুপার, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ ও তানিয়া শারমিন, ডেপুটি জেলার, কারা অধিদপ্তর, ঢাকা কর্মকর্তাদ্বয় ১৯-২১ ফেব্রুয়ারি ২০২৫ 'WaterAid sponsorship of participants to the 15th Anniversary of the Bangkok Rules in 2025' এবং জনাব আল মামুন, সিনিয়র জেল সুপার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর ও জনাব মোঃ ফয়েজ-উর-রহমান, ডেপুটি জেলার, কারা অধিদপ্তর, ঢাকা কর্মকর্তাদ্বয় ২৪-২৭ ফেব্রুয়ারি ২০২৫ '2nd Corrections Technology Conference(CTC) 2025' এ অংশগ্রহণের জন্য থাইল্যান্ড ভ্রমণ করেন। উক্ত কনফারেন্স এর মনোনয়নের ক্ষেত্রে চৌকস, মেধাবী ও সুশৃঙ্খল কর্মকর্তাদেরকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।

৩। মানিকগঞ্জ জেলা কারাগারে ২৩/০২/২০২৫ তারিখে কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের সাথে ফায়ার সার্ভিসের সচেতনতামূলক সেমিনার ও মহড়া অনুষ্ঠিত হয়। উক্ত মহড়ায় আগুন নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন কৌশল সম্পর্কে বক্তব্য দেন এবং কিভাবে আগুন নিয়ন্ত্রণ করতে হবে সে সম্পর্কে প্রশিক্ষণ দেন।



৪। পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে মাননীয় কারা মহাপরিদর্শক মহোদয় বাংলাদেশ জেল এ কর্মরত সকল সদস্যকে মাহে রমজানের শুভেচ্ছা জানিয়েছেন। পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে বিশেষ প্রনোদগার উপকরণ বৃদ্ধি করা হয়েছে।



৫। ২৫-২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ মাননীয় কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি মহোদয় বরিশাল কেন্দ্রীয় কারাগার, পটুয়াখালী জেলা কারাগার ও ঝালকাঠি জেলা কারাগার পরিদর্শন করেন। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন জনাব জান্নাতুল ফরহাদ, সহকারী কারা মহাপরিদর্শক(উন্নয়ন)। কারা মহাপরিদর্শক মহোদয় পরিদর্শন কালে স্টাফ দরবার গ্রহণ করেন এবং বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।



৬। ২৬/০২/২০২৫ তারিখে যশোর কেন্দ্রীয় কারাগার এ অবস্থিত প্রিজন্স পাবলিক স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কার বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটসহ অত্র কারাগারের সিনিয়র জেল সুপার, জেলার ও ডেপুটি জেলার এবং অন্যান্য কারা কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার বৃন্দ। ছোট ছোট স্কুল পড়ুয়া ছেলেমেয়েরা উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট হতে পুরস্কার নিতে পেরে খুবই আনন্দিত ও অনুপ্রাণিত হয়েছে।



৭। দর্শনার্থী সাক্ষাতের অবৈধ টাকা লেনদেনের সময় ভিডিও সামাজিক যোগাযোগ এর মাধ্যমে প্রকাশ হওয়ায় ঠাকুরগাঁও জেলা কারাগারে কর্মরত সহকারী প্রধান কারারক্ষী নং ৩১৭২৯ মোঃ আমিনুল ইসলাম ও কারারক্ষী নং ০০৭১৪ মোঃ আব্দুর রহিম এবং শৃঙ্খলা ভঙ্গের কারণে খাগড়াছড়ি জেলা কারাগারে কর্মরত কারারক্ষী নং ২২৩৪৯ মোঃ নাছির উদ্দিন ও কারারক্ষী নং ২২৯৯৫ আব্দুস সালামকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করা হয়। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের এ সকল কর্মকাণ্ডে জড়িত না হয়ে সুশৃঙ্খল থাকার নির্দেশ প্রদান করা হলো।

৮। বিভাগ বদলী কর্মচারীদের আচার-আচরণ, দায়িত্ব ও কর্তব্যের মান মনিটরিংয়ের অংশ হিসেবে ফেব্রুয়ারি/২০২৫ মাসের প্রতিবেদনে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ কর্মচারীর আচরণ সন্তোষজনক হলেও এখনো কিছু কিছু কর্মচারীর আচরণ অসন্তোষজনক পরিলক্ষিত হয়েছে, যা অনাকাঙ্ক্ষিত এবং তাদেরকে সংযত হবার পরামর্শ দেয়া যাচ্ছে। যথাযথভাবে শৃঙ্খলাপূর্ণ ও দায়িত্ববোধের সাথে কর্তব্য পালনের জন্য সকলকে আহ্বান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ের সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল